

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

তারিখ : ১৯/১১/২০১৯ইং

২০২০ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচন

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ২০২০ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচন আগামী ১১/১২/২০১৯ইং অনুষ্ঠিত হবে। এ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে সমিতির সদস্যদের কাছ থেকে নিম্নবর্ণিত পদগুলোর জন্য মনোনয়নপত্র আহ্বান করা যাচ্ছে। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্যই প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। নির্বাচন উপলক্ষে নিম্নোক্ত কর্মসূচী সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

ক) পদের বিবরণ :

পদের নাম	সংখ্যা
সভাপতি	১
সহ-সভাপতি	১
কোষাধ্যক্ষ	১
সাধারণ সম্পাদক	১
যুগ্ম-সম্পাদক	১
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক	১
আপ্যায়ন সম্পাদক	১
সদস্য	৬

খ) সময়সূচী :

১	মনোনয়নপত্র জমা দেয়ার সর্বশেষ তারিখ ও সময়	২৭/১১/১৯, বুধবার	দুপুর	১ঃ০০ টা
২	মনোনয়নপত্র বাছাই	২৭/১১/১৯, বুধবার	বিকাল	৩ঃ০০ টা
৩	বৈধ প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	২৭/১১/১৯, বুধবার	সন্ধ্যা	৬ঃ০০ টা
৪	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ সময়	০১/১২/১৯, রবিবার	দুপুর	১ঃ০০ টা
৫	বৈধ প্রার্থীদের নামের চূড়ান্ত তালিকা প্রকাশ	০১/১২/১৯, রবিবার	সন্ধ্যা	৬ঃ০০ টা
৬	নির্বাচন	১১/১২/১৯, বুধবার	সকাল	৯ঃ০০ টা থেকে দুপুর ২ঃ০০ টা

গ) নির্বাচনের স্থান : সেমিনার কক্ষ, পুরকৌশল ভবন (২য় তলা)।

ঘ) অন্যান্য তথ্য :

মনোনয়নপত্র পুরকৌশল বিভাগের অফিস হতে সংগ্রহ করা যেতে পারে, অথবা e-mail সংযুক্তির printout ব্যবহার করা যেতে পারে। নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রম যেমন- মনোনয়নপত্র জমা, বাছাই, তালিকা প্রকাশ ইত্যাদি নির্বাচন কমিশন অফিস (কক্ষ নং ৫৩৪, পুরকৌশল বিভাগ, পুরকৌশল ভবন) হতে পরিচালিত হবে। মনোনয়নপত্র (hardcopy) নিম্নস্বাক্ষরকারী অথবা পুরকৌশল বিভাগের জনাব মোঃ শরাফত আলী এর নিকট জমা দেয়া যেতে পারে। মনোনয়নপত্র বাছাই করার সময় (কনফারেন্স রুম - ২, লেভেল - ৪ [৪র্থ তলা], পুরকৌশল বিভাগ) প্রার্থী নিজে বা তাঁর প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন। নির্বাচন সংক্রান্ত সকল নোটিশ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট নোটিশ বোর্ড ও বুয়েট ক্লাবের নোটিশ বোর্ডে দেয়া হবে এবং BUET e-mail এর মাধ্যমে প্রেরণ করা হবে।

উল্লেখ্য যে, ২৭/১১/২০১৯ইং পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত সমিতির চাঁদা প্রদানকারী শিক্ষাদান কার্যে কর্মরত ও পূর্ণকালীন শিক্ষকগণ (সদস্যগণ) ভোটার বলে বিবেচিত হবেন।

ডঃ খান মাহমুদ আমানত

প্রধান নির্বাচন কমিশনার, ২০২০ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচন
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি,
ও অধ্যাপক, পুরকৌশল বিভাগ

অনুলিপিঃ

- ১। সকল সম্মানিত শিক্ষকবৃন্দ, বুয়েট, ঢাকা।
- ২। সকল বিভাগীয়/ ইনস্টিটিউট নোটিশ বোর্ড, বুয়েট, ঢাকা।
- ৩। বুয়েট ক্লাব নোটিশ বোর্ড, বুয়েট, ঢাকা।

info, email,